গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রশাসন-১ শাখা
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

## দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে অনুষ্ঠিত জানুয়ারি ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব রেজওয়ানুর রহমান<br>মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। |
| স্থান | : | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সম্মেলন কক্ষ। |
| তারিখ | : | ২৬.০১.২০২৬ খ্রি. |
| সময় | : | সকাল: ১০.৩০ ঘটিকা |
| হাজিরা | : | পরিশিষ্ট –ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই সভাপতি ২০২৬ সালে বছরের প্রথম মাসিক সমন্বয় অনুষ্ঠিত হতে যাচ্ছে এ জন্য উপস্থিত সদস্যগণকে নতুন বছরের শুভেচ্ছা জানান। এরপর সভাপতি ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য শাখাভিত্তিক নথির তালিকা অনুযায়ী অন্যান্য সকল শাখার নথিসমূহ ডি-নথিতে দ্রুত নিষ্পত্তির পরামর্শ প্রদান করেন এবং ডি-নথির কার্যক্রমের উপর শাখাভিত্তিক পরিসংখ্যান উপস্থাপনের জন্য বলেন। তিনি জানান যে, শাখাভিত্তিক প্রতিবেদন শূন্য রয়েছে তাদের ডি নথিতে পত্র জারীর সংখ্যা বৃদ্ধি করার জন্য পরিচালকগণকে অনুরোধ জানান। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপপরিচালক (প্রশাসন-১) বিগত ২৪.১২.২০২৫ খ্রি.তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকায় উপস্থিত সকল সদস্যের মতামতের ভিত্তিতে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

২. অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **১. ডি-নথির পেন্ডিংসহ অন্যান্য পেন্ডিং পত্র দ্রুত নিষ্পত্তির বিষয়ে আলোচনা।** | | |
| ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য শাখাভিত্তিক নথি অনুযায়ী শুধু ডি-নথিতে নিষ্পত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বর্তমানে ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য শাখা ভিত্তিক নথির তালিকা অনুযায়ী অন্যান্য সকল শাখার নথিসমূহ ডি-নথিতে দ্রুত নিষ্পত্তির পরামর্শ প্রদান করেন এবং ডি-নথির কার্যক্রমের উপর শাখাভিত্তিক পরিসংখ্যান উপস্থাপনের জন্য বলেন। তিনি জানান যে, শাখাভিত্তিক প্রতিবেদন শূন্য রয়েছে তাদের ডি নথিতে পত্র জারীর সংখ্যা বৃদ্ধি করার জন্য পরিচালকগণের দৃষ্টি আর্কষন করেন। | ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য শাখাভিত্তিক নথিসমূহ ডি-নথিতে নিষ্পত্তি করতে হবে এবং পত্র জারীর সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি করতে হবে। যে সকল শাখার প্রতিবেদন শূন্য রয়েছে সে সকল শাখার পরিচালকগণ প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। অফিস ব্যবস্থাপনায় অফিস নথিতে ১৮ডিজিটের পরিবর্তে ২২ডিজিটে পত্র জারী করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |
| **২. বিভিন্ন অভিযোগের তদন্ত সম্পর্কিত আলোচনাঃ** | | |
| দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভিন্ন অভিযোগের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি সংশ্লিষ্ট সকলকে নিয়ম মেনে তদন্তের কাজ পরিচালনা করতে বলেন এবং দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত যে কোন পত্র দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | সংশ্লিষ্ট সকলকে নিয়ম মেনে যথাযথ প্রক্রিয়ায় তদন্তের সকল কাজ পরিচালনা করতে হবে এবং দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত যে কোন পত্র দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তদন্তকারী কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |
| **০৩. বিভাগীয় মামলাঃ** | | |
| ক. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে চলমান বিভাগীয় মামলার বিবরণ নিম্নরূপ: (নিচের সারণি দ্রষ্টব্য) | বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত কার্যক্রম সম্পন্ন এবং কোন অভিযোগ পাওয়া গেলে তা নথিতে উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন-১/২) ও সহকারী পরিচালক (প্রশাসন-১) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | ১৩/২০২১ | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সহকারী প্রকৌশলী মুজিব কিল্লা নির্মাণ প্রকল্প | ১ম শ্রেণিতে যোগদান না করা। | একই বিষয়ে মামলা চলমান থাকায় স্থগিত। |
| ২ | ৩৫/২০২২ | জনাব মোহাম্মদ দেলোয়ার হোসেন পিআইও, নিকলী, কিশোরগঞ্জ | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। | আদেশের অপেক্ষায় |
| ৩ | ২/২০২৪ | জনাব মোহাম্মদ আলী পিআইও, দুমকি, পটুয়াখালী | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। | আদেশের অপেক্ষায় |
| ৪ | ০৩/২০২৪ | জনাব মোঃ রায়হানুল হক, অফিস সহকারী, পিআইও অফিস, চাটমোহর | তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি। | কার্যক্রম চলমান |
| ৫ | ০৫/২০২৪ | জনাব মাহিবুব হোসেন, অফিস সহকারী, পিআইও অফিস গোপালপুর, টাংগাইল | ২য় কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়েছে তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। | ২য় কারণ দর্শানোর নোটিশ জারীর জন্য পিআইও কালীগঞ্জ, গাজীপুরকে অনুলিপি দেয়া হয়েছে। |
| ৬ | ০২/২০২৫ | মোঃ তরিকুল ইসলাম, পিআইও, বামনা, বরগুনা | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে | অধিকতর তদন্তের জন্য কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। |
| ৭ | ০৩/২০২৫ | জনাব নায়েমা তাবাস্সুম শাহ, (সাবেক পিআইও, ভালুকা, ময়মনসিংহ) | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে | আদেশের অপেক্ষায় |
| ৮ | ০৫/২০২৫ | মোঃ জাহাঙ্গীর আলম, পিআইও প্রধান কার্যালয়ে সংযুক্ত | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে | ২য় কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়েছে। ৭দিনের মধ্যে জবাব দিতে বলা হয়েছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১০ | ৭/২০২৫ | মোঃ জাহাঙ্গীর হোসেন পিআইও, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ (সাবেক শিবপুর, নরসিংদী) | তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি | কার্যক্রম চলমান |
| ১১ | ৮/২০২৫ | জনাব মোঃ মনসুর রহমান, পিআইও, বোয়ালিয়া, রাজশাহী (সাবেক গাংনী, মেহেরপুর | অভিযোগনামার জবাব পাওয়া গেছে। ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেছেন। | ব্যক্তিগত শুনানী পর তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। |
| ১২ | ৯/২০২৫ | জনাব মোসাঃ নাসরিন সুলতানা, পিআইও, কেশবপুর, যশোর (সাবেক বাগেরহাট সদর, বাগেরহাট) | অভিযোগনামার জবাব পাওয়া গেছে। ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেছেন। | ব্যক্তিগত শুনানী পর তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। |
| ১৩ | ১/২০২৬ | জনাব এস.এম. এ করিম, পিআইও, রামগড়, খাগড়াছড়ি (সাবেক ভুবদিয়া,কক্সবাজার) | বিভাগীয় মামলা রুজু করা হয়েছে। | অভিযোগনামা প্রেরণ করা হয়েছে। |
| ১৪ | ২/২০২৬ | জনাব আবুদুল্লাহ হেল-আল-মাসুম, পিআইও, রাজস্থলী, রাংগামাটি (সাবেক শৈলকুপা, ঝিনাইদহ) | বিভাগীয় মামলা রুজু করা হয়েছে। | অভিযোগনামা প্রেরণ করা হয়েছে। |

খ. মামলাগুলো বিস্তারিতভাবে রেজিস্টারে মামলা নম্বর ও সালসহ হালনাগাদ আছে।

৪. বিভিন্ন আদালতে চলমান মামলা

| | | |
|---|---|---|
| দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের (মন্ত্রণালয়সহ) চলমান মামলার হালনাগাদ তথ্য নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>মোট মামলার সংখ্যা ১৯০টি। তন্মধ্যে রিট পিটিশন ১২৫টি সিপিএলএ ২৩টি, সিএ-০৫টি, কনটেম্পট পিটিশন ১৪টি প্রশাসনিক ট্রাইব্যুনাল ১৩টি, প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল ১০টি, মোট ১৯০টি। বর্তমান মাসে ০১টি নতুন মামলা (রিট পিটিশন নং-১২৪৫১/২০২৫) হয়েছে।<br>নিয়মিত মামলাসমূহ তদারকি করা হচ্ছে। আইনজীবীগণকে তাগিদ দিয়ে যথাসময়ে কোর্টে হাজিরা নিশ্চিত করা হচ্ছে। প্রতিনিয়ত মামলার হালনাগাদ তারিখ ও করণীয়সহ প্রতিবেদন প্রস্তুত ও যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হচ্ছে। | (i) সকল মামলার হালনাগাদ ডাটাবেইজ প্রস্তুত করতে হবে।<br>(ii) প্যানেল আইনজীবীগণের নিকট হতে প্রতি মাসে মামলার তারিখ জানতে হবে এবং মাসিক প্রতিবেদন দাখিল করতে হবে।<br>(iii) প্রতিমাসে প্যানেল আইনজীবীগণের সাথে সভা করতে হবে। | উপপরি (আইন)/ পরিচাল |

৫. বাজেট সংক্রান্ত আলোচনাঃ

| | | |
|---|---|---|
| ক) উপপরিচালক (বাজেট/হিসাব) বলেন যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভিন্ন শাখার বিপরীতে যে বাজেট বরাদ্দ রয়েছে তার ৬০% ব্যয় ৩১শে মার্চ ২০২৬ এর মধ্যে সম্পন্ন করা এবং রিভাইজ বাজেট এক সপ্তাহের মধ্যে সমাপ্ত করার বিষয়ে আলোচনা বিস্তারিত আলোচনা করা হয়। | ক) সংশ্লিষ্ট পরিচালক ও উপপরিচালকগণ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভিন্ন শাখার বিপরীতে যে বাজেট বরাদ্দ রয়েছে তা ৬০% ব্যয় ৩১শে মার্চ ২০২৬ এর মধ্যে সম্পন্ন করতে হবে এবং রিভাইজ বাজেট এক সপ্তাহের মধ্যে সমাপ্ত করার প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে | (ক) পরি উপপরি (সংশ্লিষ্ট |

৬. অডিট আপত্তি নিস্পত্তিঃ

| | | |
|---|---|---|
| ক) উপপরিচালক (বাজেট/হিসাব) বলেন যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রকল্প বাদে কেবল রাজস্ব খাতে ১৯৮৩-১৯৮৪ থেকে ২০২৩-২০২৪ পর্যন্ত প্রধান কার্যালয়ের মোট অনিস্পন্ন অডিট আপত্তি ১৩৩টি। যার মধ্যে ১২১ টি আপত্তির ব্রডশীট জবাব ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ১২ টি আপত্তির ব্রডশিট জবাব প্রস্তুতের কাজ চলমান রয়েছে। | ক) অডিট আপত্তির ব্রডশীট জবাব মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা করতে হবে।<br>খ) সামাজিক নিরাপত্তার অডিট আপত্তি কতটি এ বিষয়ে জানার জন্য মন্ত্রণালয়কে পত্র দিতে হবে। | ক. উপ (১/২/বা |
| খ) জেলা/ উপজেলা হতে প্রাপ্ত মোট ব্রডশীট জবাব ১০৫টি, নিস্পত্তির জন্য ৫৩টি মন্ত্রণালয়ে প্রেরণ সংশ্লিষ্ট জেলায় সংশোধনের জন্য ৩৭টি ফেরত দেয়া হয়েছে এবং ১৫টি কার্যক্রম চলমান রয়েছে মর্মে উপপরিচালক (বাজেট/হিসাব) সভায় উল্লেখ করেন। ৬৪টি জেলায় অভ্যন্তরীণ অডিট আপত্তিসমূহ নিস্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগের ডিআরআরও এবং পিআইওদেরকে নিয়ে ক্রমান্বয়ে বিভাগওয়ারী সভা/প্রশিক্ষণের আয়োজনের পরিকল্পনা নেয়া হয়েছে। বিভাগওয়ারী প্রশিক্ষণ কার্যক্রম দ্রুত শেষ করতে হবে। | গ) জেলা/ উপজেলা হতে অডিট আপত্তির ব্রডশীট জবাব পাওয়ার সাথে সাথেই দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে ও সংশ্লিষ্ট বাকী বিভাগওয়ারী ডিআরআরও এবং পিআইওদেরকে নিয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | খ. উপপ (২/বা:/ প্রশিক্ষণ |

| | | |
|---|---|---|
| ৭. সামাজিক নিরাপত্তা কর্মসূচি | | |
| ক. কাবিখা/ কাবিটা : i) পরিচালক (কাবিখা) সভাকে জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরের কাবিখা ১ম ও ২য় পর্যায়ে উপজেলাভিত্তিক ১১৩২,৫০,০০,০০০ (এক হাজার একশত বত্রিশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা, ৬৭,৫০০ (সাতষট্টি হাজার পাঁচশত) মেট্রিক টন চাল ও ৬৭,৫০০ (সাতষট্টি হাজার পাঁচশত) মেট্রিক টন গম এর বিপরীতে এবং ফেনী ও কুমিল্লা জেলায় প্রকল্পভিত্তিক বিশেষ ০২টি প্রকল্পের বিপরীতে সারাদেশে প্রকল্পের কাজ চলমান। গৃহীত প্রকল্পসমূহ আগামী ৩১ মার্চ ২০২৫ তারিখের মধ্যে প্রকল্প বাস্তবায়নের কাজ দ্রুত সমাপ্ত করার বিষয়ে আলোচনা করা হয়। কাজের অগ্রগতি প্রায় ৮০%।<br>ii) <u>টিআর কর্মসূচিঃ</u> ২০২৫-২০২৬ অর্থবছরের জুলাই ২০২৫ হতে ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ১ম ও ২য় পর্যায়ে উপজেলা ভিত্তিক পৌরসভা, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও সিটি কর্পোরেশন খাতে ১০১৮,৬৯,২৫,০০০/- (এক হাজার আঠারো কোটি উনসত্তর লক্ষ পঁচিশ হাজার) এর বিপরীতে এবং চট্টগ্রাম ও নোয়াখালী জেলায় প্রকল্পভিত্তিক বিশেষ ১৩টি প্রকল্পের বিপরীতে সারাদেশে প্রকল্পের কাজ চলমান। গৃহীত প্রকল্পসমূহ আগামী ৩১ মার্চ ২০২৫ খ্রি: তারিখের মধ্যে প্রকল্প বাস্তবায়নের কাজ দ্রুত সমাপ্ত করার বিষয়ে আলোচনা করা হয়। কাজের অগ্রগতি প্রায় ৭৫%।<br>iii) <u>ইজিপিপি কর্মসূচিঃ</u> ২০২৫-২০২৬ অর্থ বছরে ইজিপিপি কর্মসূচির উপকারভোগী হালনাগাদকরণ বিষয়ক। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর ২০২২ সালের জনশুমারী ও গৃহগণনা তথ্যানুসারে 'অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)' এর বাস্তবায়ন নির্দেশিকা মোতাবেক ৪,০০,০০০ (চার লক্ষ) জন উপকারভোগী বিভাজন করলে একটি উপজেলায় সর্বনিম্ন ২১ টি কার্ড প্রাপ্ত হয় যা অপর্যাপ্ত। এতে আরও দেখা যায়, ৫০ টির বেশি উপজেলায় ১০০ টির কম কার্ড প্রাপ্ত হয়। | ক. i) ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে প্রি-ওয়ার্ক যাচাইকারী কর্মকর্তাগণকে পরিদর্শনকালীন সময়ে Random প্রকল্প বাছাই করে প্রকল্পের সাইট পরিদর্শন করতে হবে।<br>ii) ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে প্রি-ওয়ার্ক যাচাইকারী কর্মকর্তাগণকে পরিদর্শনকালীন সময়ে Random প্রকল্প বাছাই করে প্রকল্পের সাইট পরিদর্শন করতে হবে।<br>iii) ২০২৫-২০২৬ অর্থ বছরে ইজিপিপি কর্মসূচির উপকারভোগী হালনাগাদ করা প্রয়োজন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক সর্বশেষ প্রকাশিত ২০২২ সালের জনশুমারী ও গৃহগণনা অনুসারে ৬৩ জেলার (কক্সবাজার ব্যতীত) সকল উপজেলায় মোট ৪০০০০০ (চার লক্ষ) জন উপকারভোগীকে উপজেলা ভিত্তিক সর্বনিম্ন উপকারভোগীর সংখ্যা ৩০০ জন এবং সর্বোচ্চ উপকারভোগীর সংখ্যা ৩৫০০ জন ধরে নির্ধারণ করা প্রয়োজন। | পরিচালক (কাবিখা) / উপপরিচালক (কাবিখা -১,২ ও ৩) |
| ৮. ভিজিএফ ও ঝুঁকিহ্রাস কর্মসূচি:- | | |
| (i) পরিচালক (ভিজিডি) জানান যে, পবিত্র ঈদুল উল ফিতর ২০২৬ উদযাপন উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় খাদ্যশস্য বিতরণে জন্য দুঃস্থদের তালিকা প্রনয়ণের কার্যক্রম চলমান রয়েছে।<br>(ii) ঝুঁকিহ্রাস কর্মসূচির আওতায় ৬২টি জেলায় ২০০৩-২০০৪ অর্থবছর থেকে ২০০৬-২০০৭ অর্থবছরে মোট ১৪৫ কোটি ৬৪ লক্ষ ১৭ হাজার টাকা বরাদ্দ দেয়া হয়। এ পর্যন্ত সর্বমোট ৩৭ কোটি ৮৬ লক্ষ ৫০ হাজার ৯৯৬ টাকা আদায় করা হয়েছে। এছাড়া সাময়িক বেকারত্ব মোচন তহবিলের আওতায় ৭টি জেলায় ২০০৩-২০০৪ অর্থবছরে মোট ৪ কোটি ৫০ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয়। এ পর্যন্ত মোট আদায় ১ কোটি ২৮ লক্ষ ৬৬ হাজার ৫৩৭ টাকা। ঝুঁকিহ্রাস কর্মসূচি এবং সাময়িক বেকারত্ব মোচন তহবিলের অনাদায়ী অর্থ আদায়ের জন্য ০৭ (সাত) সদস্য বিশিষ্ট টাস্কফোর্স গঠন করা আছে মর্মে পরিচালক (ভিজিডি) সভায় উল্লেখ করেন। | i) পবিত্র ঈদুল উল ফিতর ২০২৬ উদযাপন উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় খাদ্যশস্য বিতরণে জন্য দুঃস্থদের তালিকা দ্রুত প্রণয়ন করতে হবে।<br>ii) ঝুঁকিহ্রাস এবং বেকারত্ব মোচন তহবিলের অনাদায়ী টাকা আদায়ের ব্যবস্থা জোরদার করতে হবে। | পরিচালক (ভিজিডি)/ উপপরিচালক (ভিজিডি) |
| ৯. মূল্যায়ন ও পরিবীক্ষণঃ | | |
| পরিচালক (মূওপ) বলেন যে, সারাদেশে ২০২৫–২০২৬ অর্থ বছরে কাবিখা/কাবিটা ও (টিআর) কর্মসূচির আওতায় অনুমোদিত প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে। তিনি নিয়মিতভাবে প্রকল্প এলাকা পরিদর্শন করতঃ প্রতিবেদন দাখিলের বিষয়ে বিশদ আলোচনা করেন। যে সকল সহকারী পরিচালক, উপপরিচালক ও পরিচালকগণ তাদের দায়িত্বপ্রাপ্ত জেলা এখনও পরিদর্শন সম্পন্ন করেননি, তিনি তাদেরকে অতিদ্রুত পরিদর্শন শেষে প্রতিবেদন দাখিলের জন্য আহ্বান জানান।<br>জনাব মোহাম্মদ আওলাদ হোসেন (উপপরিচালক মূওপ-২) বলেন যে, আধুনিক প্রযুক্তি ব্যবহার করে তথ্য সংগ্রহ ও সংরক্ষণ ব্যবস্থা উন্নত করা প্রয়োজন। এ জন্য একটি সমন্বিত সফটওয়্যারভিত্তিক ডেটা ব্যবস্থাপনা ব্যবস্থা প্রবর্তনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা করেন।<br>উপপরিচালক (মূওপ-২) অবহিত করেন যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের কাজ বর্তমানে খসড়া পর্যায়ে সম্পন্ন হয়েছে এবং তা শীঘ্রই চূড়ান্তভাবে সংশোধন ও পরিমার্জন করে প্রকাশনার জন্য উপস্থাপন করা হবে। | (ক) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ জেলা ও উপজেলার অফিস এবং প্রকল্প পরিদর্শন করে পূর্বের পরিদর্শন প্রতিবেদন দাখিল করতঃ পরবর্তীতে মাঠ পর্যায়ে পরিদর্শনে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ জেলা ও উপজেলার অফিস এবং প্রকল্প পরিদর্শন শেষে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/ জেলা প্রশাসকের সাথে সাক্ষাৎপূর্বক কাজের অগ্রগতি সম্পর্কে অবহিত করতে হবে।<br>(গ) ২০২৪ - ২০২৫ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনের খসড়া প্রস্তুত সম্পন্ন হওয়ায় তা অতি শিগগিরই চূড়ান্তকরণ করে প্রকাশনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (মূওপ)/ উপপরিচালক (মূওপ ২)। |

| | | |
|---|---|---|
| **১০. অব্যবহৃত মালামাল নিষ্পত্তি সংক্রান্তঃ** | | |
| অধিদপ্তরের প্রধান কার্যালয়ে বিভিন্ন শাখায়/করিডোরে থাকা অব্যবহৃত আইসিটি মালামাল নিলামে বিক্রির কার্যক্রম অতি দ্রুত সম্পন্ন করার বিষয়ে আলোচনা। | অধিদপ্তরের প্রধান কার্যালয়ে বিভিন্ন শাখায়/করিডোরে থাকা অব্যবহৃত আইসিটি মালামাল নিলামে বিক্রির কার্যক্রম অতি দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রোগ্রামার/সহকারী প্রকৌশলী (কা/ খা) |
| **১১.ত্রাণ কার্যক্রম** | | |
| (ক) সারাদেশে ২০২৫-২০২৬ অর্থবছরে ঢেউটিন ক্রয় জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ৪৯৫টি উপজেলায় প্রতি উপজেলায় ০২টি পর্যায়ে ৬,০০,০০০/- টাকা হারে ২৯,৭০,০০,০০০/- (উনত্রিশ কোটি সত্তর লক্ষ) টাকা ও কম্বল ক্রয় জন্য ৪৯৫টি উপজেলায় ০৩টি পর্যায়ে সর্বমোট ৫১,০১,৫০,০০০/- (একান্ন কোটি এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং শুকনা ও অন্যান্য খাবার ক্রয় জন্য ৪৯৫টি উপজেলায় প্রতি উপজেলায় ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা হারে ১৪,৮৫,০০,০০০/- (চৌদ্দ কোটি পঁচাশি লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়। মাঠ পর্যায়ে ম্যানুয়ালি ত্রাণ সামগ্রী এপ্রিল ২০২৬ এর মধ্যে ক্রয় করা যাবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>(খ) পরিচালক (ত্রাণ) সভাকে অবহিত করেন, বিভিন্ন জেলায় সচল ও অচল নৌযানের সার্বিক তথ্য সংশ্লিষ্ট জেলা হতে সংগ্রহ করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>(গ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মোহাজের সম্পত্তি উদ্ধারের বিষয়ে আলোচনা করা হয়। যে সকল জেলায় মোহাজের সম্পত্তি আছে সে সকল জেলার জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের নিকট হতে হালনাগাদ তথ্য সংগ্রহ জেলা/ উপজেলায় কত জমি অবৈধ দখলে এবং কত জমি সরকারের দখলে আছে সে বিষয়ে তথ্যাদি প্রস্তুতের জন্য সভাপতি অতি গুরুত্ব সহকারে আলোচনা করেন।<br>(ঘ) ঢাকা জেলার ডেমরায় অবস্থিত মোহাজের সম্পত্তির স্থানটি সরেজমিনে পরিদর্শন অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়। | (ক) (i) জেলা/ উপজেলা হতে প্রতি মাসে কমপক্ষে ০২(দুই) বার ত্রাণ সামগ্রী মজুদের পাক্ষিক প্রতিবেদন সংগ্রহ করতে হবে।<br>(ii) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দকৃত অর্থ দ্বারা জেলা/ উপজেলায় ম্যানুয়ালি ত্রাণ সামগ্রী এপ্রিল ২০২৬ এর মধ্যে ক্রয় করতে হবে।<br>(খ) বিভিন্ন জেলার সচল ও অচল নৌযানের উপর মন্ত্রণালয় হতে নির্দেশনা পেলে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং সচল ও অচল নৌযানের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে সার্বিক যোগাযোগ রাখতে হবে।<br>(গ) মোহাজের সম্পত্তি উদ্ধার বিষয়ে অপেক্ষাকৃত ৫টি বড় জেলাতে (যেমনঃ ঢাকা, চট্টগ্রাম, সিলেট, গাজীপুর ও দিনাজপুর) আলাদা সভা করে সুপারিশসহ মোহাজের সম্পত্তি'র সার্বিক চিত্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। প্রয়োজনে রেকর্ড সংশোধনের পদক্ষেপ নিতে হবে। মোহাজের সম্পত্তিতে যেন নতুন করে কোন ইমারত বা ভবন নতুন করে তৈরী হতে না পারে। যে সকল বিভাগের মোহাজের সম্পত্তি রয়েছে, সে সকল বিভাগের বিভাগীয় কমিশনারদের সাথে সভা করে সংশ্লিষ্ট জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার সহায়তায় মন্ত্রণালয়/ অধিদপ্তরের নামে রেকর্ডভুক্ত করণের পদক্ষেপ নিতে হবে। এ লক্ষে ডিআরআরওদের ক্ষমতা বা করনীয় কি তা নির্ধারণের জন্য মন্ত্রণালয়ে পত্র দিতে হবে।<br>(ঘ) ঢাকা জেলার ডেমরায় অবস্থিত মোহাজের সম্পত্তির স্থানটি সরেজমিনে পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | পরিচালক (ত্রাণ)/ ডিআরআরওগণ<br><br>পরিচালক (ত্রাণ) উপপরিচালক (ত্রাণ-১/২) |
| **১২ .এমআইএম অনুবিভাগের কার্যক্রম** | | |
| ক. পরিচালক (এমআইএম) সভাকে অবহিত করেন, সারাদেশের মধ্যে কিশোরগঞ্জ, কুমিল্লা, হবিগঞ্জ জেলায় উল্লেখযোগ্য লোক বজ্রপাত নিহত হয়েছে। উপজেলাওয়ারী দুর্যোগের ধরণভিত্তিক (যেমন: অগ্নিকান্ড, বজ্রপাত, নৌকাডুবি/ পানিতে ডুবি) ক্ষয়ক্ষতির তথ্যাদি রেজিষ্টারে নিয়মিত সংরক্ষণ করা হয় এবং ২০২৫ সালে জানুয়ারি হতে এ পর্যন্ত ৬৩টি নিহত এবং ২ জন আহত হয়েছে। জেলায় বজ্রপাতে ২৮ জন লোক আহত ও বজ্রপাতে ১২৩ জন, পানিতে ডুবে ৩০ জন, অগ্নিকান্ডে ০৭জন লোক মৃত্যুবরণ করেছে মর্মে পরিচালক (এমআইএম) সভাকে অবহিত করেন।<br>খ. অধিদপ্তরের ওয়েবসাইট/ গ্যালারী কাজ নির্ভূলভাবে হালনাগাদ রাখা এবং জেলা/ উপজেলার ওয়েবসাইট ও তথ্য বাতায়ন আপডেট রাখার বিষয়ে আলোচনা করা হয়। | ক) EOD কর্মসূচির প্রশিক্ষন কার্যক্রম দ্রুত সমাপ্ত করতে হবে।<br>খ) উপজেলাওয়ারী দুর্যোগের ধরণভিত্তিক ডাটা (যেমন: অগ্নিকান্ড, বজ্রপাত, নৌকাডুবি/ পানিতে ডুবি) ক্ষয়ক্ষতির তথ্যাদিসহ ইউনিয়ন ভিত্তিক সংরক্ষণ অব্যাহত রাখতে হবে। বিভিন্ন দুর্যোগে বা বজ্রপাতে নিহত মানুষের হালনাগাদ তালিকা/তথ্য সংশ্লিষ্ট অধিশাখায় প্রেরণ করতে হবে।<br>গ) অধিদপ্তরের ওয়েবসাইট/জেলা /উপজেলা হতে তথ্য সংগ্রহ করে ওয়েবসাইট সব সময় হালনাগাদ রাখতে হবে। সকল শাখার/ প্রকল্পের হালনাগাদ তথ্য প্রোগ্রামারকে দিতে হবে। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও কর্মচারীদের তালিকা বিভাগওয়ারী ওয়েবসাইটে আপলোড করতে হবে। এ জন্য বদলির কপি/ অনুলিপি তাৎক্ষণিকভাবে প্রোগ্রামারকে দিতে হবে।<br>ঘ) সকল জেলা/ উপজেলার ওয়েবসাইট ও তথ্য বাতায়ন সব সময় আপডেট রাখতে হবে।<br>ঙ) ইমারজেন্সি অপারেশন ড্যাশ-বোর্ড তৈরীর বিষয়ে পদক্ষেপ নিতে হবে। | ক. পরিচালক (এমআইএম)/ ও উপপরিচালক (এমআইএম)<br>খ. সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা ও প্রোগ্রামার<br>গ. পরিচালক (প্রশাসন) ও প্রোগ্রামার<br>ঘ. উপ-পরিচালক (বাজেট/হিসাব) ও প্রোগ্রামার |
| **১৩.পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগের কার্যক্রমঃ** | | |
| (ক) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, SOD অনুযায়ী সকল কমিটির সভা ও বিদ্যমান SOD সংশোধন এবং ডি-ফরম হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।<br>(খ) তিনি সভাকে আরোও অবহিত করেন যে, চীনা অনুদান সহায়তায় ঢাকায় ০১টি অত্যাধুনিক গুদামঘর এবং চট্টগ্রাম ও সিলেট আরও দুটি আঞ্চলিক Regional Emergency Opeation Center (REOC) কাম গুদামঘর নির্মাণের লক্ষ্যে জেলা প্রশাসক ঢাকা ও চট্টগ্রাম এবং সিলেটকে জমির প্রাপ্যতা সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য পত্র দেয়া হয়েছে।<br>বন্যা-আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়) প্রকল্প, মাটির রাস্তা এইচবিবিকরণ, ব্রীজ কালভার্ট | (ক) বিদ্যমান SOD সংশোধন এবং ডি-ফরম হালনাগাদ করতে হবে।<br>(খ) ঢাকায় ০১টি অত্যাধুনিক গুদামঘর এবং চট্টগ্রাম ও সিলেটে আরও দুটি REOC নির্মাণের জন্য জমি প্রাপ্যতা বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |

প্রবন্ধ [illegible]
আগ্র [illegible] নতুন নতুন [illegible]
প্রকল্প [illegible] পরিকল্পনা কমিশনে প্রেরণের ব্যবস্থা
তাছাড়া [illegible] ২০২৩-২০২৬ অর্থ বছরের এডিপি এর লক্ষ্যমাত্রা অর্জন ও বরাদ্দকৃত অর্থ গ্রহণ করতে হবে।
শতভাগ [illegible] করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার আহবান জানান

| ১৪. GPMS বিষয়ে আলোচনা | | |
|---|---|---|
| GPMS বিষয়ে কর্মপরিকল্পনা'র লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে আলোচনা। | ১. পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) সভাকে জানান যে, মন্ত্রণালয় হতে প্রাপ্ত স্মারক মোতাবেক ২০২৫-২০২৬ অর্থ বছর এবং আগামী আরো দুই বছরের GPMS কর্মপরিকল্পনা চাহিত ছক মোতাবেক দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভিন্ন অনুবিভাগ হতে প্রাপ্ত (স্বাক্ষরকৃত) পরিকল্পনা ইতোমধ্যে মন্ত্রণালয়ের GPMS টিম লিডার বরাবরে প্রেরণ করা হয়েছে। এ বছর GPMS কর্মপরিকল্পনা কেবলমাত্র প্রতিটি মন্ত্রণালয় সম্পাদন করবে।<br>২. GPMS 'র লক্ষ্যমাত্রা যথাসময়ে যথাযথভাবে অর্জন নিশ্চিত করণের লক্ষ্যে টিআর/ কাবিখা, ত্রাণ, ভিজিএফ, ইজিপিপিসহ সকল উন্নয়ন প্রকল্পের পরিদর্শনের জন্য আদেশকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ পরিদর্শন/ মনিটরিং/ কর্মোত্তর জরীপ যাচাই করবেন এবং যাচাই প্রতিবেদন এর কপি সংশ্লিষ্ট পরিচালক এবং প্রকল্প পরিচালকসহ GPMS এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবরে দাখিল করবেন। | GPMS টিমলিডার (পরিচালক গবেষণা ও প্রশিক্ষণ) |

| ১৫. গবেষণা ও প্রশিক্ষণ অনুবিভাগের কার্যক্রম | | |
|---|---|---|
| (ক) গবেষণা অধিশাখাঃ বিভিন্ন দুর্যোগ ও দুর্যোগ ঝুঁকিহ্রাসে বিভিন্ন উপায় নির্ধারণে অধিকতর গবেষণা করা বিষয়ে আলোচনা।<br>(খ) প্রশিক্ষণ অধিশাখাঃ GPMS কর্ম-পরিকল্পনা এর লক্ষ্যমাত্রা এবং চলমান কার্যক্রম বাস্তবায়ন, অডিট আপত্তি ব্রডশীট জবাব তৈরী, ক্ষয়ক্ষতি ও চাহিদা নিরুপণ, প্রকল্পের প্রি-ওয়ার্ক/পোষ্ট-ওয়ার্ক পরিমাপ গ্রহণ, ও মোহাজের সম্পত্তি রেকর্ড সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>গ) জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর জন্য কমিটি গঠনের করার বিষয়ে আলোচনা হয়। | (ক) গবেষণা অধিশাখাঃ বিভিন্ন দুর্যোগ ও দুর্যোগ ঝুঁকিহ্রাসে বিভিন্ন উপায় নির্ধারণসহ নতুন নতুন আইডিয়া উদ্ভাবনে অধিকতর গবেষণা করে সুনির্দিষ্ট উপায় বের করতে হবে।<br>খ) ২০২৫-২০২৬ অর্থ বছরের শুরুতেই পুরো বছরের প্রশিক্ষণ-সূচি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রশিক্ষণসূচিতে সকল ডিআরআরও এবং পিআইওকে D-Nothi, SOD, Mental health, ACR, বুনিয়াদি প্রশিক্ষন, পিপিআর ২০২৫ মোতাবেক কর্মকর্তা/ কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br>গ) জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর জন্য মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক কমিটি গঠন করতে হবে। | ক. উপপরিচালক (গবেষণা)<br>খ.পরিচালক (প্রশিক্ষণ) |

| ১৬. বিবিধ | | |
|---|---|---|
| ক) এ অধিদপ্তরের বিভিন্ন রোডে চলাচলকারী গাড়ী সকাল ৯.০০ (নয়) টার মধ্যে অফিসে উপস্থিতির বিষয়ে আলোচনা হয়।<br>খ) সচিবালয় নির্দেশমালা-২০২৪, অনুচ্ছেদ নং ১০১, ১০২, ১০৩(১)(২) এর নির্দেশনার অনুযায়ী শাখাধীন নথির শ্রেণি বিন্যাস করতঃ শ্রেণিবিন্যাসকৃত নথির মধ্যে বিনষ্টযোগ্য নথি বিনষ্ট করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>গ) প্রশাসনিক বিভাগ/ শাখাকে অধিকতর আর্থিক ক্ষমতা প্রদানের লক্ষ্যে অর্থ বিভাগের ১৬.০৮.২০১৫ খ্রি: তারিখের আদেশসমূহ বাতিলপূর্বক আর্থিক ক্ষমতা অর্পন আদেশ জারী করা হয়। ১৬.০৮.২০১৫ খ্রি: তারিখে প্রকাশিত প্রদত্ত আর্থিক ক্ষমতা (পরিচালন) সংক্রান্ত নির্দেশনার আলোকে শাখার বাজেট খাতের বরাদ্দসমূহ ব্যয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।<br>ঘ) এ অধিদপ্তরে ব্যবহৃত বিদ্যুৎ ও জ্বালানি ব্যয় সাশ্রয়করণ এর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া বিদ্যুৎ সংযোগ সবসময় নিরাপদ রাখা এবং বৈদ্যুতিক যন্ত্রাংশ পরীক্ষা-নিরীক্ষা করে নিরাপদ সংযোগের বিষয়ে আলোচনা করা হয়।<br>অফিসিয়াল ই-মেইল এবং বিভিন্ন অ্যাপস ব্যবহার বিষয়ে আলোচনা।<br>ঙ) বিভিন্ন দুর্যোগের সময় অধিদপ্তরাধীন কর্মকর্তা ও কর্মচারীদের উপযুক্ত নিরাপত্তার স্বার্থে পরিধানের জন্য অধিদপ্তরের লোগো সম্বলিত নির্ধারিত জ্যাকেট/এ্যাপ্রোন তৈরীকরণ বিষয়ে আলোচনা। | ক) এ অধিদপ্তরের বিভিন্ন রোডে চলাচলকারী গাড়ী সকাল নয়টার (৯.০০) মধ্যে উপস্থিত হওয়ার বিষয়ে পদক্ষেপ নিতে হবে।<br>খ) সচিবালয় নির্দেশমালা-২০২৪, অনুচ্ছেদ নং ১০১, ১০২, ১০৩(১)(২) এর নির্দেশনার অনুযায়ী শাখাধীন নথির শ্রেণি বিন্যাস করতঃ শ্রেণিবিন্যাসকৃত নথির মধ্যে বিনষ্টযোগ্য নথি বিনষ্ট করতে এবং পরিচালক (প্রশাসন) কে অবহিত করতে হবে।<br>গ) ১৬.০৮.২০১৫ খ্রি: তারিখে প্রকাশিত আর্থিক ক্ষমতা (পরিচালন) সংক্রান্ত নির্দেশনার আলোকে শাখার বাজেট খাতের বরাদ্দসমূহ ব্যয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>ঘ) সংশ্লিষ্ট রুমে অবস্থানকারী কর্মকর্তা/ কর্মচারীগণ স্ব-স্ব রুম/কক্ষ ত্যাগ করার সময় ফ্যান, লাইট এবং কম্পিউটার এর সুইচ তাঁদের স্ব-উদ্যোগে বন্ধ করবেন।<br>অফিসিয়াল ই-মেইল এবং বিভিন্ন অ্যাপস ব্যবহার সর্তকর্তার সাথে ব্যবহার করতে হবে।<br>ঙ) বিভিন্ন দুর্যোগের সময় দুর্যোগ স্থলে অধিদপ্তরাধীন কর্মকর্তা ও কর্মচারীদের উপযুক্ত নিরাপত্তার স্বার্থে অধিদপ্তরের লোগো সম্বলিত নির্ধারিত জ্যাকেট/ এ্যাপ্রোন প্রস্তুত ও পরিধানের প্রস্তাবনা বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করতে হবে। | (ক) সংশ্লিষ্ট শাখা প্রধান<br>(খগ) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারী<br><br>(ঘ) উপপরিচালক (প্রশাসন-২)<br><br>(ঙ) প্রোগ্রামার ও সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০-০২-২৬

(রেজওয়ানুর রহমান)
মহাপরিচালক
ফোন: ০২-৫৮৮১৫৪৯৫

স্মারকনং -৫১.০১.০০০০.০০৩.০৬.০৪৩.২৪.১২৩ তারিখ: ১৫.০২.২০২৫ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক/ প্রকল্প পরিচালক ..............................., (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০২। জেলা প্রশাসক ................................ (সকল),

০৩। উপপরিচালক/ উপপ্রকল্প পরিচালক, ........................ (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, .................................................. (সকল)।

০৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাসিক সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।

০৭। কমিউনিকেশন মিডিয়া স্পেশালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০৮। সহকারী পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০৯। সহকারী প্রকৌশলী/ পিআইও (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

১০। প্রধান ভারপ্রাপ্ত কর্মকর্তা, জরুরি ত্রাণ গুদাম, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

১১। কম্পিউটার অপারেটর/ হিসাব রক্ষক/ উচ্চমান সহকারী .... .............................. (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

১২। মহাপরিচালক এর ব্যক্তি গত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৩। অফিস কপি।

১৫/২/২৫

(তাসনূভা নাশতারান)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-১)
ফোন-০২-২২২২৬১৩৬০